# উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের উদ্যোগে ‘বাংলা নববর্ষ - ১৪২৯’ উদ্‌যাপন করা হয়। ১৪ এপ্রিল ২০২২ ০১ বৈশাখ ১৪২৯ বাংলা নববর্ষের অনুষ্ঠান পবিত্র ধর্মগ্রন্থ পাঠের মাধ্যমে শুরু হয়। উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে মূল্যবান বক্তব্য প্রদান করেন গভর্নিং বডির সম্মানিত সদস্য ড. মো. আবদুর রহিম। উক্ত অনুষ্ঠানে সভাপতির আসন অলংকৃত করে ‘বাংলা নববর্ষ - ১৪২৯’-এর প্রতিপাদ্য সূরের মূর্ছনায় উপস্থাপন করেন এবং গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন বিদ্যালয়ের অধ্যক্ষ জনাব জহুরা বেগম। এবারের প্রতিপাদ্য বিষয় ছিল “তুমি নির্মল করো, মঙ্গল করে, মলিন মর্ম মুছায়ে।” অনুষ্ঠান সঞ্চালনা করেন সহকারী শিক্ষক জনাব মোঃ আলাউদ্দীন মণ্ডল। অনুষ্ঠানে শিক্ষার্থীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান উপহার দেয় এবং কয়েকজন শিক্ষক স্বরচিত কবিতা আবৃত্তি করেন। সাংস্কৃতিক পর্ব গ্রন্থনা, পরিচালনা ও উপস্থাপনা করেন বিশিষ্ট সংগীতশিল্পী সহকারী শিক্ষক জনাব সঞ্জয় কবিরাজ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের শিক্ষার্থী, সম্মানিত অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। অনুষ্ঠানটি জাতীয় সঙ্গীতের মাধ্যমে সমাপ্ত হয়।




বাংলা নববর্ষ উদ্‌যাপনের তাৎপর্য তুলে ধরেন অধ্যাপক জনাব ড. মো. আবদুর রহিম




মূল্যবান বক্তব্য প্রদান এবং বাংলা নববর্ষের প্রতিপাদ্য তুলে ধরেন অধ্যক্ষ জনাব জহুরা বেগম




পবিত্র কোরআন থেকে তেলাওয়াত: সুমাইয়া ইসলাম




গীতা পাঠ : অগ্নিস্নাতা সৌমিত্রপুত্রী




ত্রিপিটক পাঠ: মানবতা বড়ুয়া



প্রধান অতিথি, শিক্ষার্থী, অভিভাবক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ



দলীয় সঙ্গীত : এসো হে বৈশাখ এসো এসো




একক সঙ্গীত : মানবতা বড়ুয়া




দ্বৈত নৃত্য : মুজদালিফা খন্দকার ও কাশফিয়া জামান অতিথি




একক নৃত্য : জয়ত্রী সাহা




সবেবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত পরিবেশন